



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬
www.nimc.gov.bd



নম্বর : ১৫.৫৫.০০০০.৪০৩.২৫.০০১.১৮.১০১

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

Television Programme Production পাঠ্যধারা

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ০৮ এপ্রিল থেকে ১৬ মে ২০১৮ মেয়াদে ০৬ (ছয়) সপ্তাহব্যাপী Television Programme Production পাঠ্যধারা আয়োজন করতে যাচ্ছে।

Television Programme Production পাঠ্যধারায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদেরকে নূন্যতম স্নাতক পাশ হতে হবে।

ভর্তি প্রক্রিয়া: সরাসরি অথবা অনলাইনে আবেদন করা যাবে। আবেদনকারীগণ নিম্নোক্ত যে কোন একটি পদ্ধতি অনুরসণ করতে পারবেন:

অনলাইনে আবেদন প্রক্রিয়া: প্রথমে www.nimc.gov.bd ওয়েবসাইটের মূল পাতায় ভর্তি সংক্রান্ত তথ্য অপশনের অধীন অনলাইনে আবেদন ক্লিক করে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইনে আবেদনকারীগণ ২০০/- (দুইশত) টাকা সাক্ষাৎকারের আগে ইনস্টিটিউটের হিসাব শাখায় জমা প্রদান করে সাক্ষাৎকারে অংশগ্রহণ করবেন।

সরাসরি আবেদন প্রক্রিয়া: অফিস চলাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত) ২০০/- (দুইশত) টাকা ফি দিয়ে আবেদনপত্র সংগ্রহ করে তা পূরণপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ও ০২ কপি সত্যায়িত রঙিন ছবিসহ নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ২৯ মার্চ ২০১৮ রোজ বৃহস্পতিবার। আগামী ০২ এপ্রিল ২০১৮ রোজ সোমবার সকাল ১১.০০ টায় এ ইনস্টিটিউটে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। এ জন্য কোন প্রকার টিএ / ডিএ দেয়া হবে না।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা মাত্র “মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট” এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রার্থী নির্বাচনের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


০৭/০৩/১৮

(নিতাই কুমার ভট্টাচার্য)
পাঠ্যধারা পরিচালক
দুরালাপনী: ৫৫০৭৯৪৪৯